**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৭৫/২০১৭**

**ঢাকা, বুধবার ১২ এপ্রিল ২০১৭, ২৯ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তিস্তার পানি আসবেই, কেউ আটকাতে পারবে না : প্রধানমন্ত্রী

২। সুপ্রিম কোর্টের ভাস্কর্য সরাতে প্রধান বিচারপতি সঙ্গে কথা বলব : প্রধানমন্ত্রী

৩। নববর্ষে ইলিশ না খাওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

৪। খুলনা, রংপুর ও কুমিল্লার মহাসড়ক প্রশস্ত করতে ১৭০০ কোটি টাকা
একনেকে ৩ হাজার ২৮৯ কোটি টাকার আট প্রকল্প অনুমোদন

৫। ব্রেক্সিটের ফলে বাংলাদেশে প্রভাব পড়বে না : অর্থমন্ত্রী

৬। তিন বছরে ডিম ও মাংসের উৎপাদন দ্বিগুণ করুন, শুল্ক মওকুফ করা হবে
: পোল্ট্রি খাতের উদ্যোক্তাদের সঙ্গে অর্থমন্ত্রী

৭। বাল্যবিবাহের বিধান শিথিল করা হয়নি : আইনমন্ত্রী

৮। জঙ্গিবাদে পথভ্রষ্ট যুবকদের সঠিক পথে ফিরিয়ে আনতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। ইতালি ও পাকিস্তান দূতাবাস সংলগ্ন ফুটপাত দখলমুক্ত

১০। প্রাথমিক বৃত্তি পেল ৮২৫০০ শিক্ষার্থী

চলমান পাতা-২

১।   **তিস্তার পানি আসবেই, কেউ আটকাতে পারবে না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমাদের দেশ নিচের দিকে। তাই তিস্তা দিয়ে পানি আসবেই। কেউ তা আটকাতে পারবে না। তিস্তা প্রসঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আমাকে বলেছেন, তার সরকার ও আমাদের সরকার ক্ষমতায় থাকতেই তিস্তা চুক্তি হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও স্বার্থ রক্ষা আমরা করতে জানি। আমার জীবন থাকতে দেশের স্বার্থবিরোধী কোনো কিছুই হতে দেইনি, হতে দেবো না। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার গণভবনে এক সাংবাদিক সম্মেলনে তিনি এসব কথা বলেন। নিজের সদ্যসমাপ্ত ভারত সফরের অভিজ্ঞতা জানাতে ডাকা এই সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যের পর প্রধানমন্ত্রী বিভিন্ন প্রশ্নের জবাব দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ, সমকাল, যুগান্তর, জনকণ্ঠ, ইনকিলাব, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২।   **সুপ্রিম কোর্টের ভাস্কর্য সরাতে প্রধান বিচারপতি সঙ্গে কথা বলব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে স্থাপিত ভাস্কর্যের বিরোধীতায় ওলামাদের দাবির সঙ্গে একমত পোষণ করে বলেছেন, এটি সরাতে প্রধান বিচারপতির সঙ্গে কথা বলবেন তিনি। একই সঙ্গে প্রধানমন্ত্রী কওমি মাদ্রাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রির স্বীকৃতির ঘোষণা দেন। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার রাতে গণভবনে কওমি মাদ্রাসার আলেমদের সঙ্গে এক বৈঠকে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

৩।   **নববর্ষে ইলিশ না খাওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পহেলা বৈশাখে ইলিশ খাওয়া পরিহার করার জন্য দেশবাসীর প্রতি আহবান জানিয়েছেন। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার ভারত সফরের অভিজ্ঞতা বর্ণনা উপলক্ষে গণভবনে আয়োজিত সম্মেলনে তিনি এ আহ্বান জানান। এ সময় তিনি দাঁড়িয়ে দেশবাসীর উদ্দেশে পহেলা বৈশাখে ইলিশ না খাওয়ার আহবান জানিয়ে বলেন, আপনারা ইলিশ খাবেন না, ইলিশ ধরবেন না। এসময় প্রধানমন্ত্রী পহেলা বৈশাখের একটি খাদ্য তালিকাও দিয়ে দেন। এই তালিকায় রয়েছে খিচুড়ি, সবজি, মরিচ ভাজা, ডিম ভাজা, বেগুনু ভাজা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

৪।   **খুলনা, রংপুর ও কুমিল্লার মহাসড়ক প্রশস্ত করতে ১৭০০ কোটি টাকা**

**একনেকে ৩ হাজার ২৮৯ কোটি টাকার আট প্রকল্প অনুমোদন**

খুলনা, রংপুর ও কুমিল্লা অঞ্চলের মহাসড়কগুলোকে আরও প্রশস্ত করতে আলাদা তিনটি প্রকল্প অনুমোদন দিয়েছে সরকার। এসব এলাকায় কয়েকশ' কিলোমিটার আঞ্চলিক মহাসড়ক থাকলেও কোনো কোনো এলাকা ভারী যানবাহন চলাচলের জন্য উপযুক্ত নয়। এ জন্য প্রায় ৪০০ কিলোমিটার মহাসড়ক প্রশস্ত করা হবে। 'গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ' শীর্ষক প্রকল্পগুলো বাস্তবায়নে ব্যয় হবে প্রায় এক হাজার ৭০০ কোটি টাকা। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার রাজধানীর পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের (একনেক) সভা শেষে এ তথ্য জানান পরিকল্পনামন্ত্রী। সভায় এই তিন প্রকল্পসহ আটটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। প্রকল্পগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৩ হাজার ২৮৯ কোটি টাকা। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

৫।   **ব্রেক্সিটের ফলে বাংলাদেশে প্রভাব পড়বে না : অর্থমন্ত্রী**

সফররত ব্রিটেনের আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী লর্ড ব্যটস এর সাথে বৈঠক শেষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত জানিয়েছেন, ব্রেক্সিটের ফলে বাংলাদেশের রপ্তানি ক্ষতিগ্রস্ত হবে না। বিনিয়োগে প্রভাব পড়বে না বলে জানিয়েছেন ব্রিটেনের প্রতিমন্ত্রী। তাছাড়া বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও স্বাস্থ্য খাতে অর্জন নিয়ে প্রশংসা করেছেন তিনি। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ ইআরডি সম্মেলন কক্ষে অর্থমন্ত্রীর সাথে সফররত

ব্রিটিনের প্রতিমন্ত্রীর বৈঠকটি অনুষ্ঠিত হয়। এর পর অর্থমন্ত্রী বলেন, বাংলাদেশের রপ্তানির তৃতীয় বড় গন্তব্য হলো যুক্তরাজ্য। ইউরোপ থেকে ব্রিটেন বেরিয়ে গেলেও বাংলাদেশের উপর এর প্রভাব পড়বে না বলে তিনি জানিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৭)।



**৬। তিন বছরে ডিম ও মাংসের উৎপাদন দ্বিগুণ করুন, শুল্ক মওকুফ করা হবে**
**: পোল্ট্রি খাতের উদ্যোক্তাদের সঙ্গে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী তিন বছরেরও কম সময়ের মধ্যে ডিম ও মাংসের উৎপাদন দ্বিগুণ করুন। আমরা এ খাতের যেসব উপকরণ আমদানি করি তার শুল্ক মওকুফ করে দিবো। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার রাজধানীর একটি হোটেলে আয়োজিত খাদ্য পুষ্টি নিরাপত্তা, নারীর ক্ষমতায়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে পোল্ট্রি শিল্প এবং বাজেট ভাবনা শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩)।

**৭। বাল্যবিবাহের বিধান শিথিল করা হয়নি : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, বাল্যবিবাহ নিরোধ আইনের বিশেষ বিধান নিয়ে যেসব আলাপ-আলোচনা হচ্ছে তা নিরর্থক। তিনি বলেন, আমাদের দেশে যে বাল্যবিবাহ নিরোধ আইন তৈরি করা হয়েছে সেটায় পরিস্কারভাবে বলা আছে যে, **১৮** বছরের কম বয়সী কোনো মেয়েকে এবং **২১** বছরের কম বয়সী কোনো ছেলেকে বিয়ে দেওয়া যাবে না বা তারা বিয়ে করতে পারবে না। এটা হচ্ছে এ আইনের মূল বিষয়। তবে জরুরি অবস্থায় যদি বিয়ের প্রয়োজন দেখা দেয় তাহলে অভিভাবকদের সম্মতি ও আদালতের অনুমতিক্রমে বিয়ে হতে পারে। তার মানে এই না বাল্যবিবাহের বিধান শিথিল করা হয়েছে। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে অতিরিক্ত জেলা ও দায়রা জজ এবং সমপর্যায়ের জুডিসিয়াল কর্মকর্তাদের **১৩৫**তম কোর্সের উদ্বোধন অনুষ্ঠান শেষে এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.২)।

**৮। জঙ্গিবাদে পথভ্রষ্ট যুবকদের সঠিক পথে ফিরিয়ে আনতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, জঙ্গিবাদের দিকে ঝুঁকে যেসব যুবক পথভ্রষ্ট হয়েছে, তাদের সঠিক পথে ফিরিয়ে আনতে হবে। তাদের পবিত্র কুরআনের ও হাদিসের সঠিক ব্যাখ্যা দিতে হবে। র‍্যাব প্রকাশিত কতিপয় বিষয়ে জঙ্গিবাদীদের অপব্যাখ্যা এবং পবিত্র কুরআনের সংশ্লিষ্ট আয়াত ও হাদিসের ব্যাখ্যা নামের বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার রাজধানীর গুলশানের একটি হোটেলে এ বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠান হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**৯। ইতালি ও পাকিস্তান দূতাবাস সংলগ্ন ফুটপাত দখলমুক্ত**
**রাস্তা ও ফুটপাতে স্থাপনা তৈরি করা সমীচীন নয় : ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র**

রাজধানীর গুলশান-বারিধারা কূটনৈতিক এলাকায় ফুটপাত ও রাস্তা থেকে বিভিন্ন দেশের দূতাবাসের নিজস্ব স্থাপনা সরিয়ে নিতে অনুরোধ জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। তিনি বলেছেন, রাস্তা ও ফুটপাতে স্থাপনা তৈরি করা সমীচীন হয়। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার ইতালি ও পাকিস্তান দূতাবাসের ফুটপাত থেকে কংক্রিটের ব্লক সরানোর কাজ পরিদর্শনে এসে মেয়র আনিসুল হক আরও বলেন দূতাবাসের নিরাপত্তা নিশ্চিতে সচেষ্ট সরকার। এ সময় রাশিয়া, জার্মানি, সৌদি আরব, ফ্রান্স, ইউকে ও তুরস্ক দূতাবাসকে দ্রুত নিজ উদ্যোগে ফুটপাত থেকে নিরাপত্তা চৌকি সরিয়ে নিতে অনুরোধ জানান আইনমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**১০। প্রাথমিক বৃত্তি পেল ৮২৫০০ শিক্ষার্থী**

প্রাথমিক সমাপনী পরীক্ষার বৃত্তির ফল গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার প্রকাশ হয়েছে। গতবারের মতো এবারও সারাদেশের সাড়ে ৮২ হাজার খুদে মোধাবী শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। এর মধ্যে ৩৩ হাজার ট্যালেন্টপুলে এবং ৪৯ হাজার ৫০০ জন সাধারণ বৃত্তি পেয়েছে। ২০১৬ সালের পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার ফলের ভিত্তিতে এ তালিকা তৈরি করা হয়েছে। বৃত্তিপ্রাপ্তদের তালিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে www.dpe.gov.bd পাওয়া যাচ্ছে। গতকাল **১১** এপ্রিল মঙ্গলবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বৃত্তির এই ফল ঘোষণা করেন। প্রাথমিকের ফলের সঙ্গে এদিন ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার বৃত্তির ফলও প্রকাশ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১৬,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** মাদারীপুরে এক সাংবাদিক স্থানীয় ইউনিয়ন পরিষদ নির্বাচনের সংবাদ সংগ্রহ করতে গেলে গাছের সঙ্গে বেঁধে নির্যাতনের ঘটনায় পুলিশের প্রশ্নবিদ্ধ ভূমিকায় উদ্বেগ প্রকাশ করে এ ঘটনা তদন্ত করে দায়ীদের বিচার দাবি।

**খ.** **প্রথম আলো :** প্রতিষ্ঠার পর দীর্ঘ ৫৫ বছর পেরিয়ে গেলেও বরিশালের বিসিক শিল্পনগরীর পূর্ণতা না পাওয়াকে দুঃখজনক বলে উল্লেখ করে বিদ্যুৎ ও পানির সমস্যাসহ অন্যান্য সমস্যা দূর করে ব্যবসার জন্য অনুকূল পরিবেশতৈরি করে বরিশালকে আদর্শ শিল্পনগরী হিসেবে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ :** বৈধপথে আন্তর্জাতিক ইনকামিং কল আসার সংখ্যা কমে যাওয়ায় এ পথে আসা ইনকামিং কল থেকে প্রত্যাশিত রাজস্ব পাচ্ছে না সরকার উল্লেখ করে অবৈধ ভিওআইপি ব্যবসা বন্ধ করতে সরকারকে সর্বোচ্চ চেষ্টা চালানোর সুপারিশ।

**ঘ.** **যায়যায়দিন :** দ্রুত তিস্তার পানি বন্টন ইস্যুটি সমাধান করতে বাংলাদেশ আরও বেশি প্রচেষ্টা অব্যাহত রাখার পাশাপাশি ভারত সরকারও এ ব্যাপারে উদ্যোগী হয়ে এ ইস্যুটির সমাধান নিশ্চিত করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **ইনকিলাব, ডেইলি স্টার :** লাগামহীন ভাবে বেড়ে যাওয়া চালের মূল্য সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** আগামী **১৫** মে থেকে দেশব্যাপী **১৭**টি পণ্যের প্যাকেজিংয়ে বাধ্যতামূলকভাবে পাটের ব্যাগ ব্যবহার করার অভিযানের সাফল্য কামনা করে তাতে পাটের বাজারে সুদিন ফিরে আসবে বলে অভিমত।

**ছ.** **ডেইলি স্টার :** বিগত তিন মাসে সারা দেশে ৫০ শিশু নিহত ও ১৪৫ শিশুর শারীরিক নির্যাতনের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ সংক্রান্ত মামলাগুলো দ্রুত বিচার আইনে নিষ্পত্তি করার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে আইনি সহায়তা ও মানসিক সমর্থন দেওয়ার ওপর গুরুত্বারোপ।

**জ.** **ডেইলি সান :** ভারত ও বাংলাদেশের সম্মিলিত ভবিষ্যতের জন্য দুই দেশকে একত্রে বেড়ে ওঠার বিষয়ে ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিমত তুলে ধরে উভয় দেশই এ থেকে লাভবান হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঝ.** **নিউজ টুডে :** কৃষকদের সচেতনতা ও প্রশিক্ষণের অভাবের কারণে খাদ্যপণ্যে কীটনাশকের ব্যবহার জনস্বাস্থ্যের জন্য হুমকির পর্যায়ে বয়ে যাওয়ায় এ কীটনাশকের ক্ষতিকর প্রভাব বিষয়ে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার সুপারিশ।

**ঞ.** **নিউ এজ :** দুই বছর আগে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মর্যাদা আপগ্রেড করে দ্বিতীয় শ্রেণীর করা হলেও তারা এখনও বর্ধিত স্কেলের বেতন থেকে বঞ্চিত হওয়ায় কর্তৃপক্ষকে বিষয়টির সুষ্ঠু সুরাহা করার প্রত্যাশা ব্যক্ত।

**ট.** **নিউ নেশন, ফিনানশিয়াল এক্সপ্রেস :** কিশোরগঞ্জ, সুনামগঞ্জ, নেত্রকোনা, হবিগঞ্জ ও ব্রাক্ষণবাড়িয়ার হাওর অঞ্চলের ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও পানি উন্নয়ন বোর্ডকে অতি দ্রুত যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশ ও ভারতের মধ্যে বহুমাত্রিক সম্পর্কের ক্ষেত্রে অর্থনীতির

পাশাপাশি ভৌগোলিক ও প্রাকৃতিক সম্পদ, জনসম্পদ এবং নিরাপত্তার মতো বিষয়গুলোতে ভারসাম্য অথবা ন্যায্যতা খুবই গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'জঙ্গিবাদের উৎস সন্ধানে'** শিরোনামের নিবন্ধে ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিকভাবে মানুষের মাঝে সচেতনতা তৈরি করে এর বিরুদ্ধে সম্মিলিত প্রতিরোধ গড়ে তুলতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা